# ভুট আইওর রে বা !

**০৬ ডিসেম্বর ২০২০**
**কৃশানু ভট্টাচার্য**

২০২১ অর ভুট আইওর। আর কয়দিন বাদেউ শুরু হই যাইব মাইকর বাজনা । মিটিং চিটিং তো এব চলেরউ । দান খয়রাত ও ইবার ভালাউ বাঁটাবাঁটি হইছে, করোনা মাইর দয়ায় । অখন খালি ঠিক জায়গাত বুতামো টিপা পড়লেউ হইছে, খালি নুটা-ছুটায় কিতা একখান আইছে কয়েক বৎসর থনে, অতায় বেরা না লাগাইলেউ হইলো ...

ভুট আইলেউ মন পড়ে একখান কথা, আইজ থনে ৩০ বৎসর আগর মাত ইখান, তখন আমার বয়স অউ ৭-৮ হইবো । নেনাউ আসলাম, ভুটর সময় আসলাম আমার মামার বাড়িত, কালাইনর দারও হউ কড়কড়ি চা বাগানো, কনরেস আমল চলের তখন, পদম ফুলর নুতন নুতন গন্ধ লাগা শুরু হইসে, হকল বায়দি খালি হাতর পুস্টার, ফেস্টুন, পতাকা...... এর মাঝে বাগানো গিয়া দেখি, গেরুয়া রঙ্গর কাফড় আর নানানে বিনানে হিন্দি গান ...... আর কিছু লেবার অতার উবা ফাল ...... আর কিছুদিন বাদেউ তো কাটিগরা সিটো কুনবায়দি জিতি গেলো ফুল ...

তারপরেউ তো আইল বাবরির হাল্লা, আমার শহর, মামার বাড়ির বাগান আর সারা বরাক গরম ...... রাইতর পর রাইত চিৎকার ...... কয়েক মাস বেজান টেনশন... কিন্তু...

পাঁচ বৎসর বাদে আবার অউ লুঙ্গি-ধুতিএউ গেরামো গেরামো একলগে ফাল...... নূট চাই, ছুট দিন (অহ মাফ করবা, সামনের মাত খান হইলো ভুট চাই, ভুট দিন......... আগরটা আসল মাত)

অলা ৩০ বৎসর ধরিয়া তো বেজান নাটক দেখলাম, ইবার আবার আইওর অউ নাটকর নুতন শো... গণতন্ত্রের সব থাকিয়া বড় শো, যে শো আইলে করুনাও পগারপার ...... তখন কুনবায়দি যাইব ফুনর মাঝে অমিতাব বচ্চনর ডাইলগ "দুই গজর দুরি বড় জরুরি"...... ফালাই থউ...... কইরা নেতা হকলে...... আগে নুট দিয়া ভুট জরুরি তাঁর বাদে আবার বানানি যাইব নুতন সুপ S O P (অতা কিতা একখান সরকারি কাগজ বাইরয় কয়দিন বাদে বাদে...... যেগুন্তায় লেখইন অগুন্তায়ও বুঝইন না আর আমরা তো গণতন্ত্রের ভুট দেউরা আউয়া ছাড়াল গরু-বলদ হকল... খালি ফাল দেওয়া জানি আর জানি হিন্দুস্তান......পাকিস্তান......খালিস্তান......গুবরিস্তান......

IshanKotha

অউ গত ভুটর বাদেউ সবে মিলিয়া খালি বাপ, ভাই, দাদা, নানা, চাচার ঘরর কাগজ কতখান খুজাইলাম আর অবাজু-হবাজু দৌড়াইলাম, এনারসিত নাম খান উঠাইবার লাগি, কিতা হইল চাইর বৎসরে গিয়া কিছু মানুষ আরাম পাইলা, কিছু লটকিয়া বওয়াত, কিছু ঢুকছইন জেলও, আর কিছুএ কোর্ট কাছারি দৌড়াইরা...... আর কিছুএ তো সুজা গিয়া নরকও অপেক্ষা করিতরা...... অউ রাজার বাইচ্চা নেতা হকল মরিয়া আইলে, একলগে ভিতরে ঢুকতা...... হালার হালাইন্ত আবার ভুটর মিটিঙও লাগি গেছইন...... আর যেতায় কাগজ খুঁজিয়া নাকানি চুবানি খাইছলা...... অতায়উ আবার নেতা হকলর পিছে পিছে ফাল দিরা......... কি জানি, টেকা কয়েক হাজার নি ঢুকে পকেটও, কন্টেক্টারি নি এক-দুই খান পাওয়া যায়......

অউ হইল গণতন্ত্র ...... রাজা গিয়া নেতার জমানার নুতন ইশটাইলোর রাজতন্ত্র ...... যন্ত্রত টিপা মারিয়া চুরি করার মন্ত্র ...... অতার নামউ হইলো ভুটতন্ত্র...... তে দেও ২০২১ও ভুট, আরও চলুক লুট ...... ঘুমাতে রাহো (জাগবায় মরার পরে)......

(C) Ishan Kotha